

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-২ শাখা
www.cabinet.gov.bd

তারিখ: ২২ মাঘ ১৪২৪
০৪ ফেব্রুয়ারি ২০১৮

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.০৪.০০১.১৮.১৯

বিষয়: ই-নথি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন।

- সূত্র: ১। মন্ত্রিপরিষদ বিভাগের ০৪ অক্টোবর ২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৮২১.২৯.১১১.১৬.৪৪১ সংখ্যক স্মারক।
২। মন্ত্রিপরিষদ বিভাগের ১৮ মার্চ ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৯৭.০০৪.১৫.৬৯ সংখ্যক স্মারক।
৩। মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ জুলাই ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৭.২০৮ সংখ্যক স্মারক।

রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের সহযোগিতায় মন্ত্রিপরিষদ বিভাগ বিভিন্ন সরকারি দপ্তরসমূহে ই-নথি সিস্টেম বাস্তবায়ন করছে। বর্তমানে ৫৮টি মন্ত্রণালয়/বিভাগসহ উপজেলা থেকে মন্ত্রণালয় পর্যন্ত সর্বমোট ২৪২০ টি সরকারি দপ্তরে প্রায় ৩৫০০০ ব্যবহারকারী ই-নথি সিস্টেমের মাধ্যমে দাপ্তরিক নথি নিষ্পন্ন করছেন। ই-নথি বাস্তবায়নকারী দপ্তরসমূহ যেকোনো স্থান থেকে নাগরিকগণকে দ্রুততম সময়ে সেবা প্রদান করতে সক্ষম হচ্ছে যা সকল মহলে প্রশংসিত হচ্ছে।

২। সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ১৫(১)(ক), ১৫(১)(গ), ১৫(৬) এবং ১৬ নম্বর নির্দেশনাসমূহে ই-নথি বাস্তবায়নের সুস্পষ্ট নির্দেশনা প্রদানসহ ইলেক্ট্রনিক পদ্ধতিতে পত্র গ্রহণ এবং পত্র প্রেরণ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানের সুস্পষ্ট অনুশাসন রয়েছে। এছাড়াও প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২, অভিযোগ প্রতিকার ব্যবস্থা নির্দেশিকা-২০১৫ এবং জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৫-এ ই-নথি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। অধিকন্তু জনপ্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন- সংক্রান্ত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ই-নথি-সংক্রান্ত কার্যক্রমকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

- ৩। ই-নথি সিস্টেম যথাযথভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ সর্বিশেষ গুরুত্বপূর্ণ:
- দপ্তরের শাখাসমূহের অগ্রাধিকার তালিকা করে পর্যায়ক্রমে সকল দাপ্তরিক নথি ই-নথি সিস্টেমের মাধ্যমে নিষ্পত্তি করা;
 - ই-নথিতে নিষ্পত্তিকৃত নথি পুনরায় হার্ডকপিতে উপস্থাপন না করা;
 - এন্ডয়েড ও আইওএস মোবাইল অ্যাপের মাধ্যমে নথি ব্যবহার করার জন্য উৎসাহ প্রদান;
 - আওতাধীন বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে অফিসসমূহে আবশ্যিকভাবে ই-নথি বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান;
 - মাসিক সমন্বয় সভায় ই-নথি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা এবং শ্রেষ্ঠ ই-নথি সিস্টেম ব্যবহারকারীগণকে স্বীকৃতি প্রদান;
 - সকল কর্মকর্তা-কর্মচারীর কর্মদক্ষতা মূল্যায়নের ক্ষেত্রে ই-নথি ব্যবহারে পারদর্শীতাকে বিশেষ গুরুত্ব দেওয়া;
 - অত্যন্তরীণ প্রশিক্ষণসমূহে ই-নথি সিস্টেম অন্তর্ভুক্তকরণ যাতে কর্মচারীদের ই-নথি সিস্টেম ব্যবহারে দক্ষতা তৈরি হয়; এবং

ক) সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ১৫(১)(খ)-এর নির্দেশনা মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে বিকল্প ব্যান্ডউইথ-এর ব্যবস্থা গ্রহণ।

৪। বর্ণিতাবস্থায়, ই-নথি কার্যক্রম বাস্তবায়নে তাঁর মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহে উল্লিখিত কার্যক্রম গ্রহণ করে নাগরিকসেবা প্রদানের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ কার্যক্রমে গতিসঞ্চারের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৪-২-২০১৮

মোছাঃ শিরিন সবনম
সিনিয়র সহকারী সচিব

- ১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২) সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)।
- ৩) চেয়ারম্যান/ মহাপরিচালক/প্রধান প্রকৌশলী (সকল)।
- ৪) বিভাগীয় কমিশনার (সকল)।
- ৫) জেলা প্রশাসক (সকল)।
- ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.০৪.০০১.১৮.১৯/১(২)

তারিখ: ২২ মাঘ ১৪২৪
০৪ ফেব্রুয়ারি ২০১৮

সদয় অবগতির জন্য:

- ১) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



৪-২-২০১৮

মোছাঃ শিরিন সবনম
সিনিয়র সহকারী সচিব


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-০৪.০১.০০০০.০০৫.৩৭.২২২.১৫-১৫২

তারিখ: ১১/০৬/২০১৮ খ্রিঃ।

- ০১। পরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল) জেলা।
- ০৩। অধ্যক্ষ, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাতার, ঢাকা।
- ০৪। কো-অডিনেটর/ডেপুটি কো-অডিনেটর(রাজস্ব), যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল) জেলা।
- ০৫। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে বর্ণিত নির্দেশনাটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।



(মরিয়ম আক্তার)
সহকারী পরিচালক(প্রশাসন)

ফোন : ৯৫৬০৬৫৩